

## দেশব্যাপী গণস্বাক্ষর সংগ্রহ

### গ্যাস সংকট নিরসনে পেট্রোবাংলা-বাপেক্স এর মাধ্যমে গ্যাস উত্তোলন, সমুদ্রের গ্যাস ব্লক ইজারা দেয়ার সিদ্ধান্ত বাতিলের দাবি

।। ভ্যানগার্ড প্রতিবেদক ।।

৭ দফা দাবিতে তেল-গ্যাস খনিজ সম্পদ ও বিদ্যুৎ-বন্দর রক্ষা জাতীয় কমিটি ঘোষিত স্বাক্ষর সংগ্রহ কর্মসূচি সফল করার লক্ষ্যে বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ কেন্দ্রীয় কমিটি ৯ থেকে ১৫ ফেব্রুয়ারি ২০১০ পর্যন্ত দেশব্যাপী 'গণস্বাক্ষর সংগ্রহ সপ্তাহ' ঘোষণা করেছে। এই কর্মসূচির অংশ হিসেবে বাসদ ঢাকা মহানগর শাখার উদ্যোগে ৯ ফেব্রুয়ারি সকাল ১১টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত প্রেসক্লাব-তোপখানা রোড এলাকায়, ১০ ফেব্রুয়ারি সকাল সাড়ে ১১টা থেকে ৩টা পর্যন্ত মতিঝিল শাপলা চত্বর এলাকায়, ১১ ফেব্রুয়ারি পল্টন-মুক্তাঙ্গন ও তেজগাঁও এলাকায়, ১২ ফেব্রুয়ারি ডেমরা, শাহবাগ, লালবাগ ও তেজগাঁও থানার বিভিন্ন এলাকায়, ১৩ ফেব্রুয়ারি নিউমার্কেট এলাকায়, ১৪ ফেব্রুয়ারি ফার্মগেট এলাকায় এবং ১৫ ফেব্রুয়ারি খিলগাঁও থানায় গণস্বাক্ষর সংগ্রহ করা হয়। ঢাকা মহানগরের বিভিন্ন এলাকায় সপ্তাহব্যাপী চলমান এ গণস্বাক্ষর



সংগ্রহ অভিযানে নেতৃত্ব দেন বাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য ও ঢাকা মহানগর শাখার আহ্বায়ক কমরেড বজলুর রশীদ ফিরোজ, কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড রাজেকুজ্জামান রতন, ঢাকা মহানগর শাখার সদস্য সচিব জুলফিকার আলী, সদস্য রওশন আরা রশো, তাহেরা বেগম জলি, খালেকুজ্জামান লিপন, ফখরুদ্দিন কবির আতিক, আল হোছাইন চিশতী, রাহাত আহমেদ ও সাদরুল হাসান রিপন।

৯ ফেব্রুয়ারি জাতীয় প্রেসক্লাবের সামনে গণস্বাক্ষর সংগ্রহ কর্মসূচিতে স্বাক্ষর দিচ্ছেন একজন পথচারী

### জাতীয় কমিটির মানববন্ধন

সিরাজগঞ্জ : তেল-গ্যাস-খনিজ সম্পদ ও বিদ্যুৎ-বন্দর রক্ষা জাতীয় কমিটির কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে ১২ জানুয়ারি সিরাজগঞ্জে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে বক্তব্য রাখেন নব কুমার কর্মকার, রেজাউল করিম সূর্য্য, আব্দুল হালিম, আমির হোসেন তালুকদার, সরোয়াদি খান, ইসমাইল হোসেন, রফিকুল ইসলাম ও খয়ের আলী।

কুড়িগ্রাম : কুড়িগ্রামে ১২ জানুয়ারি সকাল ১১টায় কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে মানববন্ধন কর্মসূচি পালিত হয়। এতে বক্তব্য রাখেন বাসদের জিয়াউল হক জিয়া ও সিপিবি'র মমিনুর ইসলাম মমিন।